গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০২৩.১৩(অংশ-১)-১৭২ তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

**বিষয়:** মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ (এসএফআই) দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ প্রসঙ্গে।

**সূত্র:** স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার ইউ.ও নোট নম্বর-০২, তারিখ: ০২ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও ইউ.ও নোটের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ (এসএফআই) দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করার নিমিত্ত গত ৩১ অক্টোবর ২০২৩ তারিখে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার কার্যবিবরণী ইতঃপূর্বে প্রেরিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ হতে পুঞ্জিভূত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন, AMMS-2.0 সফটওয়্যারের সঙ্গে অডিট আপত্তির সংগতি সাধন (Reconcile), পুঞ্জিভূত সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এবং উক্ত জবাব প্রেরণে হার্ডকপির পাশাপাশি AMMS-2.0 সফটওয়্যারের বাধ্যতামূলক ব্যবহার ইত্যাদি কার্যক্রমসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের তেমন কোনো কর্মতৎপরতা পরিলক্ষিত হচ্ছে না।

এমতাবস্থায়, আলোচ্য সভার কার্যবিবরণী সিদ্ধান্ত মোতাবেক (কপি সংযুক্ত) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

২৭/০৩/২০২৪
মোঃ আব্দুর রাফিউল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল- lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী, খুলনা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, রংপুর, ময়মনসিংহ
ও গাজীপুর সিটি কর্পোরেশন।

**অনুলিপি**-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. উপসচিব, অডিট-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ,
৪. অফিস কপি।